

IOS-এ NHS COVID-19 অ্যাপ ডাউনলোড করার নির্দেশিকা




Profi
Olrhain
Diogelu

Test
Trace
Protect



1
আপনার ফোনটি কে আনলক করুন। আপনার ফোন স্ক্রল করে "অ্যাপ স্টোর" নামক অ্যাপটি খুঁজে বের করুন। অ্যাপটিকে উপরে দেওয়া ছবির মতো দেখতে। সেটিকে চালু করার জন্য এর উপর টোকা দিন।



2
স্ক্রিনের নিচের দিকে থাকা "অনুসন্ধান" আইকনটিকে খুঁজুন এবং তার উপর টোকা দিন।



3
সার্চ বারে টোকা দিন। "NHS COVID-19" টাইপ করুন। এইবার আপনি বাক্সের নিচে ফলাফলগুলির একটি তালিকা দেখতে পাবেন। "NHSCOVVID-19" নামক ফলাফলটিতে টোকা দিন।



4
একাধিক COVID-19 নামক অ্যাপের একটি তালিকা দেখতে পাবেন। সেইটা খুঁজুন যাতে "NHSCOVVID-19" কথাটা লেখা আছে এবং তার উপর টোকা দিন, তারপর "নিন" বোতামটিতে টোকা দিন।




5
ডাউনলোড সম্পূর্ণ করার জন্য আপনার থেকে আপনার Apple ID-র তথ্য অথবা আপনার আঙ্গুলের ছাপ বা ফেস ভেরিফিকেশন চাওয়া হতে পারে, যদি আপনার তেমন সেট-আপ করা থাকে।



6
এতে যদি কাজ না হয়, তাহলে NHS COVID-19 ওয়েবসাইট www.covid19.nhs.uk-এ গিয়ে "সমস্যা সমাধান" দেখুন যা আপনাকে সাহায্য করবে।



7
এইবার আপনাকে আপনার ব্লুটুথ চালু করতে হবে যাতে অ্যাপটা কাজ করতে পারে। সেটা করার জন্য, প্রথমে আপনার "সেটিংস" অ্যাপটা খুঁজে বের করুন এবং তার উপর টোকা দিন।



8
এখন আপনি "সেটিংস"-এ রয়েছেন। তালিকাটিকে স্ক্রল করে "ব্লুটুথ" খুঁজে বের করুন এবং তার উপর টোকা দিন।

IOS-এ NHS COVID-19 অ্যাপ ডাউনলোড করার নির্দেশিকা



GIG
CYMRU
NHS
WALES

Profi
Olrhain
Diogelu

Test
Trace
Protect



Test and Trace




ডানদিকে থাকা স্লাইডারের উপর টোকা দিয়ে ব্লুটুথ চালু করুন।



আপনার হোম বোতামটিতে চাপ দিন বা স্ক্রিনটা উপরে ঘষে তুলে দিয়ে আপনার হোম স্ক্রিনে ফিরে আসুন যেখানে আপনি আপনার সমস্ত অ্যাপগুলিতে দেখতে পারেন। NHS COVID-19 অ্যাপ খুঁজুন এবং সেটিকে চালু করার জন্য তার উপর টোকা দিন।



আপনার সেট-আপ সম্পূর্ণ হয়ে গেলে, এখন আপনার NHS COVID-19 অ্যাপ কার্যকর রয়েছে ও চলছে।



অ্যাপটি সেট-আপ করার জন্য নিচের ধাপগুলিকে অনুসরণ করুন। এর মধ্যে "Exposure Logging" অনুমোদনের বিষয়ও অন্তর্ভুক্ত থাকে যা আপনি ঝুঁকিগ্রস্ত কিনা তা শনাক্ত করার জন্য ব্যবহৃত হয়।



আপনি স্বাভাবিকভাবেই আপনার ফোনটা ব্যবহার করে যেতে পারেন, তবে খেয়াল রাখবেন অ্যাপ যেন নেপথ্যে চালু থাকে এবং ব্লুটুথ চালু করা থাকে। অ্যাপ আপনার অবস্থান ট্র্যাক করবে না।